

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
সেফটি শাখা  
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,  
বিজয়নগর, ঢাকা-১০০০.

নম্বর ৪০.০১.০০০০.১০৩.৩৪.০০১.২২.৫৭৮

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৯

০১ আগস্ট ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: তালিকাভুক্ত কনসালটেন্সি ফার্ম এর বাইরেও যেকোন কনসালটেন্সি ফার্ম দ্বারা ডিইএ/ডিজাইন/ ড্রয়িং এর কাজ করানো প্রসঙ্গে

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক ২১ মার্চ ২০২২ তারিখে Industrial Safety Unit (ISU) গঠিত হয়। ISU এর কার্যপরিধি সকল সেক্টরে বিস্তৃত হওয়ায় এবং বিদ্যমান তালিকাভুক্ত কনসালটেন্সি ফার্ম এর সংখ্যা পর্যাপ্ত না হওয়ায় পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে তালিকাভুক্ত ফার্মের বাইরের কনসালটেন্সি ফার্ম দ্বারা ডিইএ/ডিজাইন/ ড্রয়িং তৈরির কাজ সম্পাদন করানো যাবে। তবে তালিকাভুক্ত ফার্মের বাইরে ডিইএ/ডিজাইন/ ড্রয়িং অত্র দপ্তরে জমা দেওয়ার সময় কনসালটেন্সি ফার্মের যোগ্যতা প্রমাণের সহায়ক কাগজপত্র জমা প্রদান করতে হবে।

তালিকাভুক্ত কনসালটেন্সি ফার্ম ব্যতীত যেকোন কনসালটেন্সি ফার্ম কর্তৃক ডিইএ/ডিজাইন/ ড্রয়িং এর কাজ সম্পন্ন করার শর্তসমূহ:

- স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং ফার্মে ন্যূনতম ০২ (দুই) জন অভিজ্ঞ প্রকৌশলী আবশ্যিক (০২ জন স্ট্রাকচারাল অথবা ০১ জন স্ট্রাকচারাল ও ০১ জন জিও টেকনিক্যাল) যাদের উভয়ের পেশাগত অভিজ্ঞতার সমষ্টি ১৫ বছরের কম হবে না এবং এদের কারোরই ব্যক্তিগত পেশাগত অভিজ্ঞতা ০৫ বছরের কম হবে না।
- বিগত ০২ বছরে ন্যূনতম ০৩ টি গার্মেন্টস কারখানায় DEA সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।
- সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং ফার্মের ন্যূনতম ১০ (দশ) বছরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে।
- স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং ফার্মের ফেরোস্ক্যানার এবং কাটার যন্ত্রপাতি থাকতে হবে।
- স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং ফার্মে রাজউক/চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (DMINB) এর নিবন্ধিত ন্যূনতম ০১ জন প্রকৌশলী থাকতে হবে।
- স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং ফার্মে রাজউক/ ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ, আইইবি হতে স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রিদারী কমপক্ষে ০১ জন ইঞ্জিনিয়ার থাকতে হবে।
- যে কোন ইঞ্জিনিয়ারিং ফার্ম কর্তৃক ফায়ার/ইলেকট্রিক্যাল ডিজাইন-ড্রয়িং জমা দেয়ার ক্ষেত্রে উক্ত ফার্মের ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে।
- ফায়ার/ইলেকট্রিক্যাল এর ডিজাইন ইঞ্জিনিয়ার এর ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের ফায়ার সেফটি সংক্রান্ত ডিজাইন ড্রয়িং করার অভিজ্ঞতা থাকতে হবে।
- ডিজাইন ইঞ্জিনিয়ার এর অবশ্যই আইইবি সদস্য পদ থাকতে হবে।

- ইলেকট্রিক্যাল ডিজাইন-ড্রয়িং তৈরি সংশ্লিষ্ট ফার্মের এবিসি লাইসেন্স থাকতে হবে।



২-৮-২০২২

মোঃ নাসির উদ্দিন আহমেদ  
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৮৩৯১৩৪৮

ফ্যাক্স: ০২-৮৩৯১৪২৫

ইমেইল: [ig@dife.gov.bd](mailto:ig@dife.gov.bd)

বিতরণ: (সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে)

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ২) যুগ্ম মহাপরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৩) সকল সদস্য, টাঙ্কফোর্স, স্ট্রাচারাল সেফটি
- ৪) সকল সদস্য, টাঙ্কফোর্স, ফায়ার সেফটি
- ৫) সকল সদস্য, টাঙ্কফোর্স, ইলেকট্রিক্যাল সেফটি
- ৬) উপমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৭) সাক্ষির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮) অফিস কপি